দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 21 MAY 1989
পৃষ্ঠা ... কলাম ...

# ঈদের ছুটির পর কৃষি বিশ্ববিদ্যালয় আবার প্রাণচঞ্চল

(নিজস্ব সংবাদদাতা)

কৃষি বিশ্ববিদ্যালয় ২০শে মে। —কৃষি বিশ্ববিদ্যালয় ঈদের ৪০ দিন বন্ধ থাকার পর গত রোরবার আবার খুলেছে। নিরব ক্যাম্পাস আবার প্রাণ চঞ্চল হয়ে উঠেছে।

কৃষি বিশ্ববিদ্যালয়ে প্রাণের স্পর্শ পড়তে থাকে। ছাত্রছাত্রীদের শুরু হয় ক্যাম্পাসে আগমন। যথারীতি অফিস সমূহ খোলা হয়। কৃষি বিশ্ববিদ্যালয়ে ফিরে আসে প্রাণ স্পন্দন। ঈদোত্তর ভাব বিনিময়। শুভেচ্ছা জ্ঞাপন এবং পরস্পরকে বাড়িঘর, আত্মীয় স্বজনের খবরাদি জিজ্ঞাসার মধ্য দিয়ে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস হয়ে উঠে তারুণ্যের চঞ্চলতায় মুখর। ক্লাশ, পরীক্ষা এবং অফিসের কর্মব্যস্ততায় যথারীতি ব্যস্ত হয়ে পড়েন এখানের সকলে।

গত ৪ঠা এপ্রিল বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (বাকসু) নির্বাচন অনুষ্ঠিত হওয়ার পর এখানে ঈদ উল ফিতর এর বন্ধ শুরু হয়। এক রকম ছাত্রছাত্রীদের অনুপস্থিতির মধ্যেই বাকসুর কাছে কর্তৃপক্ষ টিএসসির দায়িত্বভার গত ১২ই এপ্রিল অর্পণ করে। এর পরই বাকসু ও ৯টি হলের ছাত্র সংসদ কাজ শুরু করে দেয়।

একটি সূত্র জানান যে আগামী ২৪শে মে হল সংসদের পুনঃনির্বাচন হয়ে গেলে ২৬শে মে নাগাদ বাকসুর অভিষেক অনুষ্ঠিত হবে। ছাত্রছাত্রীরা সুদীর্ঘ ১০ বছর পরে কৃষি বিশ্ববিদ্যালয়ের হলসমূহে ছাত্র সংসদ এবং বাকসু পেয়ে পুলকিত হচ্ছেন। সাধারণ ছাত্রছাত্রীরা ছাত্র সমস্যা সমাধানে বাকসুর কর্মকান্ডের দিকে অধীর আগ্রহে অপেক্ষা করছে। বাকসু ও হল সংসদ সমূহের প্রতিনিধিগণ গত ১০ বছরে সৃষ্ট কম্যুনিকেশন গ্যাপ দূর করতে এবং বাকসুর অঙ্গীকার আদায় করতে দৃঢ় প্রতি...